গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-৮
www.moa.gov.bd

স্মারক নং-১২.০৯০.০০০০.০৬.১৮.২০১৫ (অংশ-১)-২৪ তারিখঃ-০৮/০৩/২০১৭ খ্রিঃ

বিষয় ঃ কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি বিশেষ করে Procurement Plan, পরামর্শক নিয়োগ এবং প্রকল্প সাহায্য ব্যয়ের বিষয়ে (জানুয়ারি, ২০১৭) পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ০১-০৩-২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি বিশেষ করে Procurement Plan, পরামর্শক নিয়োগ এবং প্রকল্প সাহায্য ব্যয়ের বিষয়ে (জানুয়ারি, ২০১৭) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

০৮/৩/২০১৭
(মোঃ নাজমুল আলম)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৫২৮৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রজেক্ট-২, পিএমইউ অংগ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
২. পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রজেক্ট-২, বিএআরসি অংগ, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
৩. পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রজেক্ট-২, ডিএই অংগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক, মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্প, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, সেচ ভবন, মানিক মিয়া এভিনিউ, ঢাকা।
৬. প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি সহায়ক প্রকল্প, ডিএই অংগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৭. প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি সহায়ক প্রকল্প, এলজিইডি অংগ, এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা ।
৮. প্রকল্প পরিচালক, ট্রান্সফার অব টেকনোলজি ফর এগ্রিকালচার প্রোডাকশন আন্ডার ব্লু গোল্ড প্রোগ্রাম, ডিএই অংগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, সমন্বিত খামার ব্যবস্থাপনা অংগ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
১১. প্রকল্প পরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ
১। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। উপ-প্রধান-১/উপ-প্রধান-২ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা-৮ শাখা
www.moa.gov.bd

বিষয়ঃ **২০১৬-১৭ অর্থবছরের কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি বিশেষ করে Procurement Plan, পরামর্শক নিয়োগ এবং প্রকল্প সাহায্য ব্যয়ের বিষয়ে (জানুয়ারি, ২০১৭ পর্যন্ত) পর্যালোচনার জন্য ০১ মার্চ, ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

২০১৬-১৭ অর্থবছরের কৃষি মন্ত্রণালয়ের আওতাভুক্ত বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি বিশেষ করে Procurement Plan, পরামর্শক নিয়োগ এবং প্রকল্প সাহায্য ব্যয়ের বিষয়ে (জানুয়ারি, ২০১৭ পর্যন্ত) পর্যালোচনার জন্য যুগ্ম-প্রধান পরিকল্পনা উইং জনাব মোঃ আনোয়ার হোসেন এর সভাপতিত্বে ০১ মার্চ, ২০১৭ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-এ দেয়া হলো।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপ-প্রধান-১ বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতির বিষয়ে প্রকল্প পরিচালকদের অনুরোধ জানান। তদপ্রেক্ষিতে প্রকল্প পরিচালকগণ প্রকল্পের বিষয়ে নিম্নরূপ আলোচনা করেনঃ

মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পঃ

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ডিসেম্বর, ২০১৬ এ সমাপ্ত এ প্রকল্প ২য় পর্যায়ে গ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে আইডিবি'র মিশন সম্পন্ন হয়েছে। আইডিবি প্রকল্পের ২য় পর্যায়ের জন্য বিনাসুদে অর্থ সহায়তা দেবে মর্মে সম্মত হয়েছে। তিনি জানান প্রকল্পের সকল কাজ পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন হয়েছে এবং আইডিবি'র মিশন প্রকল্প বাস্তবায়নে সন্তোষ প্রকাশ করেছে। প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আগামী ১৫ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, দ্রুত প্রকল্পের অডিট সম্পন্নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা দেয়া হয়েছে।

ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রজেক্ট-২ (এনএটিপি-২)ঃ

প্রকল্প পরিচালক সভাকে বলেন যে, আলোচ্য প্রকল্পের প্রজেক্ট এপ্রাইজাল ডকুমেন্ট (প্যাড)-এ ০৩টি ডেজিগনেটেড ব্যাংক একাউন্ট কর্মাশিয়াল ব্যাংকে Convertible Taka Special Account (CoNTASA) খুলতে হবে মর্মে উল্লেখ রয়েছে Project Appraisal Document (PAD) এর আলোকে বিষয়টি ডিপিপিতে অর্ন্তভুক্ত করা হয়েছে। সে আলোকে আইডিএ ও ইউএসএআইডি-এর Financing Agreement স্বাক্ষরিত হয়েছে। অর্থ বিভাগের সম্মতিক্রমে প্রকল্পে একাউন্ট খোলা হয়েছে। তবে ইফাদ এর সাথে ইআরডির স্বাক্ষরিত Financing Agreement বাংলাদেশ ব্যাংকে ব্যাংক হিসাব খোলার নির্দেশনা রয়েছে বিধায় ডিপিপি ও প্যাড এর সাথে ইফাদের Financing Agreement এ একাউন্ট খোলার বিষয়টিতে অসামঞ্জস্যতা রয়েছে।

ইফাদ অংশের ০১টি একাউন্ট বাংলাদেশ ব্যাংকে Special Account for Foreign Exchange Special (SAFE)/Imprest একাউন্ট ও অপারেটিং একাউন্ট যে কোন বাণিজ্যিক ব্যাংকে খোলার বিষয়ে মতামত প্রদানের জন্য ইতোমধ্যে অর্থ বিভাগকে অনুরোধ করা হয়েছে। সমস্যাটি নিরসনের লক্ষ্যে প্রকল্প পরিচালক অর্থ বিভাগের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখবেন মর্মে সভায় অবহিত করেন। প্রকল্পের ডিএই অঙ্গের পরামর্শক নিয়োগ চূড়ান্ত করা হয়েছে। পিএমইউ এবং বিএআরসি অঙ্গের পরামর্শক নিয়োগের জন্য প্রস্তাব মূল্যায়নের কাজ চলছে। মার্চ, ২০১৭ এর মধ্যে প্রক্রিয়া সম্পন্ন করে পরামর্শক নিয়োগ সম্ভব হবে মর্মে সভায় জানানো হয়। চলতি অর্থবছরে প্রকল্পের অগ্রগতি সন্তোষজনক করার লক্ষ্যে প্রকল্প কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হয়।

ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট (আইএপিপি)ঃ

সভাকে জানানো হয় যে, প্রকল্পটি ডিসেম্বর, ২০১৬-এ সমাপ্ত হয়েছে। তবে সিড গোডাউন নির্মাণ বিল বাবদ ১২৬.০০ লক্ষ টাকা এবং এফএও কর্তৃক সংগৃহীত যানবাহনের সিডিভ্যাট বাবদ ১১৭.০০ লক্ষ টাকা অপরিশোধিত আছে বিধায় প্রকল্পের মেয়াদ মার্চ, ২০১৭ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন। প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখার জন্য এবং মেয়াদ বৃদ্ধির প্রস্তাব অনুমোদনের সাথে সাথে অপরিশোধিত বিলসমূহ পরিশোধের কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে পরামর্শ দেয়া হয়। প্রকল্পের অব্যয়িত অর্থ উন্নয়ন সহযোগীর হিসাবে ফেরত প্রদানসহ পিসিআর প্রেরণ এবং অডিট কার্যক্রম সম্পন্নের জন্য সভায় প্রকল্প পরিচালককে পরামর্শ প্রদান করা হয়।

দ্বিতীয় শস্য বহুমুখীকরণ প্রকল্প (এসসিডিপি)ঃ

এশিয় উন্নয়ন ব্যাংক-এর আর্থিক সহায়তায় আলোচ্য প্রকল্পটি জুন, ২০১৭ এ সমাপ্ত হবে। প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৯০% মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। চলতি অর্থবছরে প্রকল্পের অনুকূলে প্রদানকৃত প্রকল্প সাহায্যের আওতায় সকল কার্যক্রম ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন।

ট্রান্সফার অব টেকনোলজি ফর এগ্রিকালচার প্রোডাকশন আন্ডার ব্লু গোল্ড প্রোগ্রামঃ

নেদারল্যান্ড সরকারের অনুদানে আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পে ১ম সংশোধিত ডিপিপি অনুমোদন প্রক্রিয়াকরণের লক্ষ্যে পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন । চলতি অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ অর্জিত হবে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সমন্বিত খামার ব্যবস্থাপনা অংগ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি প্রকল্প (আইএফএমসি)ঃ

ডেনমার্ক সরকারের অনুদানে বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন মর্মে সভাকে অবগত করা হয়। দরপত্র আহ্বানসহ প্রকল্পের যাবতীয় নিয়োগ কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে বলে প্রকল্প পরিচালক জানান। তবে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি যাতে দ্রুত অনুমোদিত হয় সে লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগের জন্য প্রকল্প পরিচালকে নির্দেশনা প্রদান করা হয়।

বার্ষিক প্রকিউরম্যান্ট প্ল্যান আলোচনা কালে এটা প্রতীয়মান হয়েছে যেসব সংগ্রহ কার্যক্রম মাঠ পর্যায়ে অর্থ বরাদ্দের মাধ্যমে বাস্তবায়িত হবে সেগুলোকেও একটি প্রকিউরম্যান্ট প্যাকেজের আওতায় অন্তর্ভুক্ত দেখিয়েছেন প্রকল্প কর্তৃপক্ষ। যে কারণে বার্ষিক প্রকিউরম্যান্ট প্ল্যান প্রণয়নের সময় আরো সতর্কতা অবলম্বনের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে নির্দেশনা দেয়া হয়েছে।

বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি সহায়ক প্রকল্পঃ

আইডিবি'র সহায়তায় বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি'র ওপর গত ০৫ ফেব্রুয়ারি, ২০১৭ তারিখে মন্ত্রণালয়ে ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। তবে সভার সিদ্ধান্ত অনুযায়ী পুনর্গঠিত ডিপিপি এখনো মন্ত্রণালয়ে পাওয়া যায়নি মর্মে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়। প্রকল্পের লীড এজেন্সী কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আগামী ০৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ করে এলজিইডি অঙ্গের অন্তর্ভুক্ত খাল খনন, রাস্তা নির্মাণ ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে সম্ভাব্য সমস্যাসমূহ চিহ্নিত করে এখনই তা নিরসনের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা দেয়া হয়েছে।

০৩। সিদ্ধান্ত ঃ

সভায় সর্বসম্মতক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
৩.১	মান সম্পন্ন বীজ সরবরাহ বৃদ্ধিকরণ প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) আগামী ১৫ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করবে। এছাড়া, প্রকল্পের যাবতীয় অডিট সম্পন্ন করবে।	প্রকল্প পরিচালক।
৩.২	ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রজেক্ট-ফেজ-২ প্রকল্পের প্রকল্প পরিচালক ইফাদ এর অর্থ ছাড়ের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার জন্য অর্থ বিভাগের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখবেন।	এনএটিপি-২ প্রকল্প পরিচালক।
৩.৩	এনএটিপি-২ প্রকল্পের পিএমইউ অঙ্গ এবং বিএআরসি অঙ্গের পরামর্শক নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে পরামর্শ নিয়োগ প্রদান করবেন। এছাড়া পিএমইউ অঙ্গের জনবলও দ্রুততার সাথে নিয়োগ প্রদানের জন্য প্রকল্প পরিচালক সচেষ্ট হবেন।	প্রকল্প পরিচালক এনএটিপি-২ ও পরিচালক বিএআরসি অঙ্গ।
৩.৪	ইন্টিগ্রেটেড এগ্রিকালচারাল প্রোডাক্টিভিটি প্রজেক্ট প্রকল্পের অব্যয়িত অর্থ উন্নয়ন সহযোগীর হিসাবে ফেরত প্রদানসহ পিসিআর প্রেরণ এবং অডিট কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	প্রকল্প পরিচালক আইএপিপি
৩.৫	আইএপিপি প্রকল্পের মেয়াদ ৩ মাস বৃদ্ধির নিমিত্ত পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদনের সাথে সাথেই ডিএই অঙ্গের অপরিশোধিত বিলসমূহ পরিশোধের কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প সমন্বয়ক ডিএই অঙ্গ।
৩.৬	(ক) সমন্বিত খামার ব্যবস্থাপনা অংগ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি (আইএফএমসি) প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি যাতে দ্রুত অনুমোদিত হয় সে লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগে রক্ষা করতে হবে। (খ) প্রকল্পের বার্ষিক প্রক্রিউরমেন্ট প্ল্যান প্রণয়নের সময় আরো সতর্কতা অবলম্বন করে তা সঠিক ভাবে প্রণয়ন নিশ্চিত করবেন।	প্রকল্প পরিচালক আইএফএমসি

৩.৭	(ক) বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি সহায়ক প্রকল্পের লীড এজেন্সী কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আগামী ০৭ মার্চ, ২০১৭ তারিখের মধ্যে পুনর্গঠিত ডিপিপি মন্ত্রণালয়ে দাখিল করবে ।	প্রকল্প পরিচালক ডিএই
	(খ) প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে বিশেষ করে এলজিইডি অঙ্গের অন্তর্ভুক্ত খাল খনন, রাস্তা নির্মাণ ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে সম্ভাব্য সমস্যাসমূহ চিহ্নিত করে প্রকল্প কর্তৃপক্ষ এখনই তা নিরসনের উদ্যোগ গ্রহণ করবেন।	প্রকল্প পরিচালক এলজিইডি অঙ্গ

০৪। সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৩/১৭

(মোঃ আনোয়ার হোসেন)
যুগ্ম-প্রধান
কৃষি মন্ত্রণালয়।